

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৮.২২.০০৫.২৫.২৭৬

তারিখ : ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩  
০৮ জুন ২০২৬

প্রজ্ঞাপন


বিষয় : 'প্রশাসনিক কর্মকর্তা' পদে পদোন্নতির প্রয়োজনীয় যোগ্যতা শিথিলকরণ।

সরকার, জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯-এর বিধি-৯ এর বিধান অনুসারে উক্ত বিধিমালার প্রথম তফসিলের ছকের ২নং কলামের ১নং ক্রমিকে বর্ণিত 'প্রশাসনিক কর্মকর্তা' পদের বিপরীতে উক্ত ছকের ৫নং কলামে বর্ণিত যোগ্যতা এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে পরবর্তী ১ (এক) বৎসরের জন্য নিম্নরূপে শিথিল করিল :-

ক্রমিক	বিদ্যমান যোগ্যতা	শিথিলক্রমে যোগ্যতা
১।	জেলা জজ আদালতে নাজির হিসাবে ২ বৎসরসহ মোট ২২ বৎসর অথবা জেলা জজ বা বিভাগীয় বিশেষ জজ বা অতিরিক্ত জেলা জজ বা যুগ্ম জেলা জজ আদালতে সাঁটলিপিকার হিসাবে ২২ বৎসরের চাকুরী।	জেলা জজ আদালতে নাজির হিসাবে ২ বৎসরসহ মোট ১৫ বৎসর অথবা জেলা জজ বা বিভাগীয় বিশেষ জজ বা অতিরিক্ত জেলা জজ বা যুগ্ম জেলা জজ আদালতে সাঁটলিপিকার হিসাবে ১৫ বৎসরের চাকুরী।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(এ. এফ. এম গৌহর রহমান) ০৭.০৬.২৬  
উপসচিব (প্রশাসন-১)  
ফোন : ৫৫১০০৮৮৬

নম্বর : ১০.০০.০০০০.১২৮.২২.০০৫.২৫.২৭৬/১(৫৭৬)

তারিখ : ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩  
০৮ জুন ২০২৬

**সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ, (সকল)।
৩. স্পেশাল জজ, (সকল)।
৪. বিভাগীয় স্পেশাল জজ, (সকল)।
৫. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, (সকল)।
৬. বিচারক, দ্রুত বিচার ট্রাইব্যুনাল, (সকল)।
৭. বিচারক, প্রশাসনিক ট্রাইব্যুনাল, (সকল)।
৮. বিচারক, জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, (সকল)।
৯. বিচারক, সন্ত্রাস দমন বিশেষ ট্রাইব্যুনাল, (সকল)।

১০. বিচারক, সাইবার ট্রাইব্যুনাল, (সকল)।
১১. বিচারক, মানবপাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, (সকল)।
১২. বিচারক, শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনাল, (সকল)।
১৩. বিচারক, পারিবারিক আপিল আদালত, (সকল)।
১৪. বিচারক, ল্যান্ড সার্ভে আপিল ট্রাইব্যুনাল, (সকল)।
১৫. বিচারক, পরিবেশ আপিল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৬. বিচারক, স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
১৭. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, (সকল)।
১৮. রেজিস্ট্রার, প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল, (সকল)।
১৯. বিচারক, ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, (সকল)।
২০. বিচারক, পরিবেশ আদালত, (সকল)।
২১. মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. সচিবের একান্ত সচিব, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২৪. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২৫. গার্ড ফাইল/অফিস কপি।

  
০৯/০৬/২০২৬  
(মুহাম্মদ আশেকুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ২২৩৩৫৭৪১৬  
E-mail: section4@lawjusticediv.gov.bd